108

# দৈনিক সংবাদ

তারিখ MAR 25 1999
পৃষ্ঠা ৬ কলাম ৪

## উত্তরা উইমেন কলেজের প্রতিষ্ঠাবার্ষিকী

টঙ্গী থেকে নিজস্ব সংবাদদাতা ঃ সম্প্রতি উত্তরাস্থ ঢাকা উইমেন কলেজের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়। এ উপলক্ষে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। কলেজের প্রতিষ্ঠাতা ও অধ্যক্ষ তৌফিকা মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী অধ্যাপিকা জিনাতুননেসা তালুকদার। বিশেষ অতিথি ছিলেন দৈনিক 'ইত্তেফাক'-এর বার্তা সম্পাদক গোলাম সারোয়ার। অনুষ্ঠানে পরিচালনা পরিষদের পক্ষ থেকে কলেজের জন্য প্রয়োজনীয় সরকারি সাহায্য ও একখণ্ড জমি প্রাপ্তির দাবি জানানো হয়।